



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বিবিএ/২০২৩/২২৮৪১

তারিখ : ০৪/০২/২০২৫

২০২৩ সালের বিবিএ (প্রফেশনাল) প্রথম বর্ষ ২য় সেমিস্টার (নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী)

পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিবিএ পাঠদানকারী কলেজ/প্রতিষ্ঠান সমূহের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের বিবিএ (প্রফেশনাল) প্রথম বর্ষ ২য় সেমিস্টার (নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী) পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমা দানের তারিখ, নিয়মাবলী ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো :

১। পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম পূরণ ও জমা করার তারিখ :

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ	ঃ ০৫/০২/২০২৫ হতে ২৩/০২/২০২৫ পর্যন্ত
খ) পরীক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত আবেদন ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ	ঃ ২৪/০২/২০২৫
গ) পরীক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক)	ঃ ২৫/০২/২০২৫ পর্যন্ত ডাটা নিশ্চয়ন করা যাবে
ঘ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক)	ঃ ২৬/০২/২০২৫ থেকে ২৭/০২/২০২৫ পর্যন্ত

২। পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি) :

ক) পরীক্ষার ফি (জনপ্রতি) বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	২০০০/-
খ) মানউন্নয়ন (প্রতি পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে	৪০০/-
গ) অন্তর্ভুক্তি ফি (মানউন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	৪০০/-
ঘ) বিশেষ অন্তর্ভুক্তি ফি (২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, শিক্ষাবর্ষ) বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	৫০০/-
ঙ) কেন্দ্র ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে না)।	৫০০/-

বিঃদ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে সকল পরীক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে এবং এর পরে কোন আবেদন গৃহীত হবে না

৩। পরীক্ষায় যারা অংশগ্রহণ করতে পারবে :

পরীক্ষার নাম	শিক্ষাবর্ষ			শর্তাবলী
	নিয়মিত	অনিয়মিত	মানোন্নয়ন	
বিবিএ (প্রফেশনাল) প্রথম বর্ষ ২য় সেমিস্টার -২০২৩	২০২২-২০২৩	২০২১-২০২২ ২০২০-২০২১	২০২২ সালের ২য় সেমিস্টার পরীক্ষায় 'C' গ্রেড বা 'D' গ্রেড প্রাপ্ত পরীক্ষার্থীদের এবারই মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং একবারের বেশি মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে না।	১। উক্ত শিক্ষা বর্ষের বাইরে কেউ ফরম পূরণ করতে পারবে না। ২. পূর্বে ১ম সেমিস্টার পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে কেউ ফরম পূরণ করতে পারবে না।

৪। পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী :

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত বিবিএ কোর্সের সংশোধিত রেগুলেশন এবং পাঠ্যসূচী অনুযায়ী উপরিউক্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :

- আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (ems.nu.ac.bd) এ গিয়ে **Student Login** লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।
- ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।
- প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদনফরমের (কলেজ অংশ) সাথে আটকিয়ে রাখতে হবে।
- যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী নিজেই বা কলেজ কর্তৃপক্ষ ফরমপূরণের নির্ধারিত সময়ের মধ্যে ফোনে অথবা সরাসরি জানাতে হবে।

৬। অনলাইনে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি (কলেজের জন্য) :

- পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (ems.nu.ac.bd)-এ গিয়ে College Login (admin) এ প্রবেশ করে College Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে। Login এর জন্য ওয়েব সাইটের college profile বা কলেজ মেইল থেকে User ID ও Password সংগ্রহ করা যাবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট বের করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন। উল্লেখ্য **Incourse** নম্বর ছাড়া ফরম পূরণ নিশ্চয়ন হবে না (মানোন্নয়ন পরীক্ষার্থী ব্যতিত)।
- মান উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন পরীক্ষা দিতে ইচ্ছুক সে গুলির বিষয় কোড এন্ট্রি করতে হবে।
- পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

